গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল
নেজারত শাখা
www.tangail.gov.bd

স্মারক নং-০৫.৩০.৯৩০০.০০৯.০১১.০০১.২০-১০৯

তারিখ: ০৮ চৈত্র ১৪২৮ / ২২ মার্চ ২০২২

# নিয়োগ বিজ্ঞপ্তি

জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহ, টাঙ্গাইল এবং সার্কিট হাউজ, টাঙ্গাইল এর নিম্নবর্ণিত শূন্য পদসমূহে নিয়োগের জন্য টাঙ্গাইল জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে অনলাইনে http://dctangail.teletalk.com.bd ওয়েবসাইটের মাধ্যমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। অনলাইন (online) ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণযোগ্য হবে না।

| ক্রমিক নং | পদের নাম, বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা (টি) | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| **জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহ, টাঙ্গাইল** | | | | |
| ১. | অফিস সহায়ক<br>বেতনস্কেল: ৮২৫০-২০০১০/-<br>(গ্রেড-২০) | ৫ | ৩০ | (ক) স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২. | নিরাপত্তা প্রহরী<br>বেতনস্কেল: ৮২৫০-২০০১০/-<br>(গ্রেড-২০) | ২০ | ৩০ | (ক) স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) সুস্বাস্থ্যের অধিকারী হইতে হইবে; এবং<br>(গ) তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩. | পরিচ্ছন্নতাকর্মী<br>বেতনস্কেল: ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ৯ | ৩০ | (ক) স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| **সার্কিট হাউজ, টাঙ্গাইল** | | | | |
| ৪. | বেয়ারার<br>বেতনস্কেল: ৮২৫০-২০০১০/-<br>(গ্রেড-২০) | ৪ | ৩০ | (ক) স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫. | নিরাপত্তা প্রহরী<br>বেতনস্কেল: ৮২৫০-২০০১০/-<br>(গ্রেড-২০) | ৩ | ৩০ | (ক) স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) সুস্বাস্থ্যের অধিকারী হইতে হইবে; এবং<br>(গ)তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬. | বাবুর্চি<br>বেতনস্কেল: ৮২৫০-২০০১০/-<br>(গ্রেড-২০) | ১ | ৩০ | (ক) স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) রান্নার কাজে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা; এবং<br>(গ)তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৭. | সহকারী বাবুর্চি<br>বেতনস্কেল: ৮২৫০-২০০১০/-<br>(গ্রেড-২০) | ১ | ৩০ | (ক) স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) রান্নার কাজে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা; এবং<br>(গ) তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

Scanned with CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ৮. | মালি<br>বেতনস্কেল: ৮২৫০-২০০১০/-<br>(গ্রেড-২০) | ১ | ৩০ | (ক) স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৯. | পরিচ্ছন্নতাকর্মী<br>বেতনস্কেল: ৮২৫০- ২০০১০/-<br>(গ্রেড-২০) | ১ | ৩০ | (ক) স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

**নিম্নবর্ণিত শর্তাবলি আবেদন ফরম পুরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:**

১. প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক এবং টাঙ্গাইল জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

২. আবেদনকারীর বয়স **২৭/০৩/২০২২ খ্রিঃ** তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে থাকতে হবে। শুধু মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। শিক্ষাগত যোগ্যতার সনদ ও জাতীয় পরিচয়পত্রের ভিত্তিতে বয়স নির্ধারণ করা হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৩. কেবলমাত্র উপযুক্ত এবং ত্রুটিমুক্ত আবেদনকারীদেরকে লিখিত পরীক্ষায় ডাকা হবে। পরবর্তীতে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষায় ডাকা হবে। লিখিত ও মৌখিক পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৪. নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারের সর্বশেষ নীতিমালা অনুসরণ করা হবে।

৫. প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা, ভুয়া বা ভুল প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৬. চাকুরীরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে।

৭. মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্র ও জাতীয় পরিচয়পত্রের মূলকপি প্রদর্শন করতে হবে এবং সকল সনদপত্রের ছায়ালিপি দাখিল করতে হবে। এছাড়া, নিজ জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণ হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশনকর্তৃক প্রদত্ত সনদ এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত পদ্ধতি অনুযায়ী মুক্তিযোদ্ধা সনদের সঠিকতা যাচাই করা হবে। বীর মুক্তিযোদ্ধার সন্তান হিসেবে আবেদনকারীকে পিতা/মাতার মুক্তিযোদ্ধার প্রমাণপত্র এবং প্রতিবন্ধী হিসেবে আবেদনকারীকে সমাজকল্যাণ অধিদপ্তরের অধীন সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক প্রদত্ত মূল সনদ উপস্থাপন এবং সত্যায়িত ফটোকপি মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে।

৮. বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে নাগরিকত্ব সনদে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

৯. আবেদনকারীর পিতার নাম, মাতার নাম, জন্মতারিখ ও নিজ জেলাসহ অন্যান্য সকল তথ্য সংশ্লিষ্ট সনদে যে ভাবে লেখা রয়েছে অনলাইন আবেদন ফরমে এবং পরবর্তীতে সেভাবে লিখতে হবে।

১০. কোনো ধরনের তদবির কিংবা সুপারিশ, প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

১১. কোনো প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল করতে পারবে।

১২. জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল এর **Website:** www.tangail.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতৎসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে।

১৩. কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ যে কোন দরখাস্ত গ্রহণ অথবা বাতিল এবং এ নিয়োগ কার্যক্রমের আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/বাতিল এবং পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন। এ নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৪. সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও সংবিধিদ্ধ প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অগ্রিম কোনো আবেদন গ্রহণ করা হবে না।

১৫. আবেদনপত্র পুরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলি:

ক. ০১-০৯ ক্রমিকে উল্লিখিত পদে আবেদনে ইচ্ছুক প্রার্থীগণকে http://dctangail.teletalk.com.bd এই ওয়েবসাইটে প্রবেশ করে আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদনের সময়সীমা নিম্নরুপ:

i) Online-এ আবেদনপত্র পুরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ **২৭/০৩/২০২২ খ্রি. সকাল ১০:০০ টা।**

ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: **১৭/০৪/২০২২ খ্রি. বিকাল ৫:০০ টা।**

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ Pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পুরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

Scanned with CamScanner

ঙ. **SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান:** অনলাইনে আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতো ছবি ও স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। *যদি Applicant's copyতে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোড পূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন।*

Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid মোবাইল ফোন নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে ০১-০৯ নং ক্রমিকে উল্লিখিত পদের জন্য পরীক্ষার ফি বাবদ **৫০/- (পঞ্চাশ)** টাকা এবং টেলিটক চার্জ বাবদ **০৬/- (ছয়)** টাকাসহ (অফেরতযোগ্য) **মোট ৫৬/- (ছাপ্পান্ন)** টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দেবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না। অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবে। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

**প্রথম SMS:** DCTANGAIL<space>User ID লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।
Example: **DCTANGAIL ABCDEF**

- Reply: Applicant's Name, TK-(Application fee) will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type DCTANGAIL<Space> Yes<Space>PIN and send to 16222.

**দ্বিতীয় SMS:** DCTANGAIL <space>Yes<space>PIN লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে Example: **DCTANGAIL YES 12345678**

- Reply: Congratulations Applicant's Name, payment completed Successfully for DCTANGAIL Application for post XXXXXXXXX User ID is (ABCDEF) and Password (XXXXXXXX).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dctangail.teletalk.com.bdওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Psssword ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করতে হবে:

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

I. **User ID জানা থাকলে:** **DCTANGAIL<space>Help<space> User<space> UserID & Send to 16222.**

**Example: DCTANGAIL Help User ABCDEF& send to 16222.**

II. **PIN Number জানা থাকলে:** **DCTANGAIL<space>Help<space>PIN<space> PIN No& Send to16222.**
**Example: DCTANGAIL Help PIN 12345678& send to 16222.**

ঝ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইলের এর **Website:** www.tangail.gov.bd এ দেখা যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল http://alljobs.teletalk.com.bdওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.tangail.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

Scanned with CamScanner

ঞ.অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা vas.query@teletalk.com.bd অথবা dctangail@mopa.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। (Mail এর subject-এ Organization Name: DCTANGAIL, Post Name: ***, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

**ট.ডিক্লারেশন :**

প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদন পুরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

২২.৩.২০২২
(ড. মোঃ আতাউল গনি)
জেলা প্রশাসক
টাঙ্গাইল।
ফোন : ০৯২১-৬২৩৯০
e-mail : dctangail@mopa.gov.bd

স্মারক নং-০৫.৩০.৯৩০০.০০৯.০১১.০০১.২০-১০৯/১(৩০০)

তারিখ: ০৮ চৈত্র ১৪২৮ / ২২ মার্চ ২০২২

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা/মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৪. জেলা প্রশাসক................................... (সকল)।
৫. পুলিশ সুপার, টাঙ্গাইল।
৬. উপপরিচালক, স্থানীয় সরকার, টাঙ্গাইল।
৭. ......................................................................., (জেলা পর্যায়ের কর্মকর্তা) টাঙ্গাইল ।
৮. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব)/(শিক্ষা ও আইসিটি)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, টাঙ্গাইল।
৯. উপজেলা নির্বাহী অফিসার, ................................ (সকল), টাঙ্গাইল।
১০. মেয়র ..................................পৌরসভা (সকল), টাঙ্গাইল।
১১. সহকারী কমিশনার (ভূমি), .............................. (সকল), টাঙ্গাইল।
১২. সহকারী কমিশনার, শিক্ষা ও আইটি, জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল। ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
১৩. জেলা তথ্য অফিসার, টাঙ্গাইল।
১৪. সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ব্যুরো, টাঙ্গাইল।
১৫. পোস্টমাস্টার, প্রধান ডাকঘর, টাঙ্গাইল।
১৬. সম্পাদক, দৈনিক যুগান্তর, ঢাকা/সম্পাদক, দৈনিক মজলুমের কণ্ঠ, টাঙ্গাইল। উপর্যুক্ত বিজ্ঞপ্তিটি অবিলম্বে (২৭ মার্চ ২০২২ তারিখের মধ্যে বা নিকটবর্তী তারিখে) তাঁর পত্রিকায় ভিতরের পাতায় স্বল্প পরিসরে ০১ (এক) দিনের জন্য প্রকাশ করে প্রকাশিত বিজ্ঞপ্তির ০৫(পাঁচ)টি কপিসহ বিজ্ঞপ্তি প্রকাশের পর নিম্নস্বাক্ষরকারীর বরাবর বিল প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৭. জেলা প্রশাসকের কার্যালয়ের সকল নোটিশ বোর্ড, টাঙ্গাইল।
১৮. অফিস কপি।

২২.৩.২০২২
জেলা প্রশাসক
টাঙ্গাইল।

Scanned with CamScanner